# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

সূত্র নং-৩২(০৩৮)জাতীঃবিঃ/শাঃশিঃ/আন্তঃকলেজ/ ১৪৭৭

তারিখঃ ২৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

## 'আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪' এর চূড়ান্ত পর্ব

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (পাস ও সম্মান), স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের 'আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪' এর বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা ১১/০৩/২০২৪ তারিখে সম্পন্ন হয়েছে। চূড়ান্ত প্রতিযোগিতা আগামী ২৫ ও ২৬ এপ্রিল ২০২৫ তারিখে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), সাভার এ অনুষ্ঠিত হবে। ইতোপূর্বে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতায় ১ম স্থান অর্জনকারী প্রতিযোগী ও চ্যাম্পিয়ন দলকে কলেজ অধ্যক্ষ কর্তৃক ফরোয়ার্ডিং ও নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রতিযোগিতার সময়সূচীঃ

| তারিখ | ইভেন্টসমূহ | রিপোর্টিং সময় ও স্থান |
|---|---|---|
| ২৫/০৪/২০২৫ | দাবা, ক্যারাম, টেবিল টেনিস, ফুটবল, বাস্কেটবল, ক্রিকেট ও ভলিবল | সকাল ৮ ঘটিকায় বিকেএসপি খেলার মাঠ ও জিমনেশিয়াম |
| ২৬/০৪/২০২৫ | এ্যাথলেটিকস, হ্যান্ডবল, ব্যাডমিন্টন, হকি, সাঁতার ও কাবাডি | |

বিশেষ দ্রষ্টব্যঃ

১. উক্ত প্রতিযোগিতাসমূহ ২৫/০৪/২০২৫ ও ২৬/০৪/২০২৫ তারিখ অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, প্রতিটি ইভেন্টের জন্য কলেজ ফরোয়ার্ডিং আলাদা হবে। ১ম দিনের খেলা সম্পন্ন হওয়ার পর প্রতিযোগীদের আবাসন ত্যাগ করে পরবর্তী ২য় দিনের প্রতিযোগীদের আবাসনের সুযোগ করে দিতে হবে। কোনোভাবেই হোস্টেলে অবস্থান করা যাবে না।

২. প্রত্যেক প্রতিযোগীকে কলেজ অধ্যক্ষ কর্তৃক ফরোয়ার্ডিং এ শিক্ষক প্রতিনিধি ও অভিভাবকবৃন্দের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। ফরোয়ার্ডিং এর প্রয়োজনীয় ফটোকপি সঙ্গে রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩. প্রতিযোগীদের পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি, কলেজ আইডি কার্ডের মূল কপি ও ছবিযুক্ত রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য, রেজিস্ট্রেশন কার্ড/কলেজ আইডি কার্ড ব্যতীত কোনো প্রতিযোগীকে ভেন্যুতে প্রবেশ এবং খেলায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৪. প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগী যে কোনো ধরনের বিশৃঙ্খলার সাথে জড়িত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. পূর্বের জারিকৃত বিজ্ঞপ্তির (প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজনীয় শর্তাবলী/নিয়মাবলি কার্যকর হবে।

৬. আবাসন স্বল্পতার কারণে ঢাকা মহানগর, গাজীপুর, নরসিংদী, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলার প্রতিযোগীদের আবাসন সুবিধা প্রদান করা সম্ভব নয় বিধায় নিজ দায়িত্বে যথাসময়ে ভেন্যুতে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

০৬/০৪/২৫

মোহাম্মদ শফিউল করিম
পরিচালক
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র নং-৩২(০৩৮)জাতীঃবিঃ/শাঃশিঃ/আন্তঃকলেজ/ ১৪৭৭

তারিখঃ ২৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যক্ষ/ভেন্যু কলেজ, বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান
২. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/বগুড়া/হবিগঞ্জ আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি।

উপ-পরিচালক
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়

Received
09.04.2025